

অগ্রাধিকার ভিত্তিতে বিদেশগামী কর্মীদের টিকা প্রাপ্তি বিষয়ক জরুরী প্রশ্নোত্তর জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বগুড়া

১। আমি ২০২১ সালে নিজ জেলার জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন ও ফিঞ্জার ইমপ্রেশন সম্পন্ন করেছি। এখন কোভিড ১৯ টিকার জন্য কি আবার রেজিস্ট্রেশন করতে হবে?

উত্তরঃ না। নতুন করে রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই।

২। আমি ২০২১ সালের আগে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন ও ফিঞ্জার ইমপ্রেশন সম্পন্ন করেছি। এখন কোভিড ১৯ টিকার জন্য কি আবার রেজিস্ট্রেশন করতে হবে?

উত্তরঃ হ্যাঁ। পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

৩। আমি ২০২১ সালের আগে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন ও ফিঞ্জার ইমপ্রেশন সম্পন্ন করেছি। আমার বিএমইটির স্মার্ট কার্ডও আছে। এখন কোভিড ১৯ টিকার জন্য কি আবার রেজিস্ট্রেশন করতে হবে?

উত্তরঃ হ্যাঁ। পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

৪। বিএমইটির অনলাইন ডাটাবেজে রেজিস্ট্রেশন করলেই কি টিকা পাওয়া যাবে?

উত্তরঃ টিকা প্রাপ্তির জন্য সুরক্ষা এ্যাপ বা www.surokkha.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে হবে।

৫। টিকা কবে কোথায় পাওয়া যাবে কিভাবে জানতে পারবো?

উত্তরঃ সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করলে এসএমএসের মাধ্যমে স্থান ও তারিখ জানিয়ে দেয়া হবে।

৬। টিকা প্রাপ্তির জন্য সুরক্ষা এ্যাপ বা www.surokkha.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন কি জনশক্তি অফিস/টিটিসিতে করে দেয়া হবে?

উত্তরঃ না, টিকার রেজিস্ট্রেশন আপনাকে নিজ উদ্যোগে করতে হবে।

৭। সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে টিকা প্রাপ্তির জন্য বিএমইটির রেজিস্ট্রেশন কেন প্রয়োজন?

উত্তরঃ বিএমইটির অনলাইন ডাটাবেজে রেজিস্ট্রেশন করলে আপনি সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে এনআইডির পরিবর্তে পাসপোর্ট নম্বর দিয়ে নিবন্ধন করার সুযোগ পাবেন।

৮। সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে বিদেশগামী কর্মীদের টিকা প্রাপ্তির রেজিস্ট্রেশন করা যাচ্ছে না কেন?

উত্তরঃ ৬ জুলাই থেকে বিদেশগামী কর্মীরা রেজিস্ট্রেশনের সুযোগ পাবেন। সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে নজর রাখুন।

৯। জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন না করে ‘আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করেছি। এরপরও কি জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করতে যেতে হবে?

উত্তরঃ না, প্রয়োজন নেই।

১০। ‘আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করেছি। এখন টিকা প্রাপ্তির জন্য কি করতে হবে?

উত্তরঃ টিকা প্রাপ্তির জন্য সুরক্ষা এ্যাপ বা www.surokkha.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে হবে।

১১। আমি জনশক্তি অফিস/টিটিসির মাধ্যমে বিএমইটির অনলাইন ডাটাবেজে রেজিস্ট্রেশন করেছি। এখন টিকা প্রাপ্তির জন্য কি করতে হবে?

উত্তরঃ টিকা প্রাপ্তির জন্য সুরক্ষা এ্যাপ বা www.surokkha.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে হবে।

১২। আমি জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করেছি। ‘আমি প্রবাসী’ এ্যাপেও কি রেজিস্ট্রেশন করতে হবে?

উত্তরঃ না

১৩। ‘আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করেছি। এরপরও কি জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করতে যেতে হবে?
উত্তরঃ না

১৪। আমি স্টুডেন্ট ভিসায় বিদেশে যাচ্ছি। আমাকে কি টিকা প্রাপ্তির জন্য জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করতে যেতে হবে?

উত্তরঃ না, স্টুডেন্ট বা ভিজিট ভিসার রেজিস্ট্রেশন করার নিয়ম নেই। তবে আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করে টিকা প্রাপ্তির অগ্রাধিকার পাওয়া যায় কিনা চেষ্টা করে দেখতে পারেন।

১৫। আমি স্বামীর কাছে বিদেশে যাবো। আমাকে কি টিকা প্রাপ্তির জন্য জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করতে যেতে হবে?

উত্তরঃ না। তবে আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করে টিকা প্রাপ্তির অগ্রাধিকার পাওয়া যায় কিনা চেষ্টা করে দেখতে পারেন।

১৬। এক ডোজ টিকা নিয়ে বিদেশে গেলে কি আমি বাধ্যতামূলক ব্যয়বহুল কোয়ারেন্টিন এড়াতে পারবো?

উত্তরঃ টিকার ডোজ কমপ্লিট করে টিকার সনদ না দেখাতে পারলে সেই সুবিধা পাওয়ার কথা নয়।

১৭। আমার ভিসা প্রসেসিং এ আছে। এখনও পাইনি। আমি কি বিএমইটির অনলাইন ডাটাবেজে আগাম রেজিস্ট্রেশন করতে পারবো?

উত্তরঃ এরকম কোনো সুযোগ এখন পর্যন্ত নেই। তবে আমি প্রবাসী’ এ্যাপে রেজিস্ট্রেশন করে টিকা প্রাপ্তির অগ্রাধিকার পাওয়া যায় কিনা চেষ্টা করে দেখতে পারেন।

১৮। সুরক্ষা এ্যাপ বা ওয়েবসাইটে টিকা প্রাপ্তির রেজিস্ট্রেশন করতে পারছি না। আইন শৃংখলা বাহিনী বিদেশগামী কর্মীদের কোনো অপশন নেই। কি করবো?

উত্তরঃ ৬ জুলাই থেকে বিদেশগামী কর্মীদের অপশন যুক্ত হওয়ার কথা। তখন রেজিস্ট্রেশনের সুযোগ পাবেন। সুরক্ষা এ্যাপ বা www.surokha.gov.bd ওয়েবসাইটে নজর রাখুন।

১৯। পেমেন্ট সমস্যার কারণে জনশক্তি অফিস/টিটিসিতে রেজিস্ট্রেশন করতে না পেরে ঘুরে এসেছি। কি করবো?

উত্তরঃ এটি সার্ভারজনিত সাময়িক সমস্যা। বিকাশ এ্যাপের পে বিল অপশনে গিয়ে BMET তে ২০০ টাকা পে করে রেজিস্ট্রেশনের জন্য আসুন। তাহলে আর ঘুরতে হবে না। শিওর ক্যাশ, নগদ প্রভৃতি এ্যাপের মাধ্যমেও পে করতে পারবেন।

২০। ‘আমি প্রবাসী’ এ্যাপের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারছি না। কি করবো?

উত্তরঃ নিজ জেলার জনশক্তি অফিস/টিটিসিতে এসে রেজিস্ট্রেশন করুন।

২১। ই পাসপোর্টের রেজিস্ট্রেশন কি ‘আমি প্রবাসী’ এ্যাপের মাধ্যমে করা যাবে?

উত্তরঃ না। শুধু এমআরপি পাসপোর্টের রেজিস্ট্রেশন ‘আমি প্রবাসী’ এ্যাপের মাধ্যমে করা যাবে।

২২। ই পাসপোর্টের রেজিস্ট্রেশন কিভাবে করা যাবে?

উত্তরঃ নিজ জেলার জনশক্তি অফিস/টিটিসিতে গিয়ে রেজিস্ট্রেশন করা যাবে। জনশক্তি অফিস/টিটিসিতে এমআরপি ও ই পাসপোর্ট দুটোরই রেজিস্ট্রেশন করা যাবে।

২৩। জনশক্তি অফিস/টিটিসিতে এবং ‘আমি প্রবাসী’ এ্যাপের মাধ্যমে দুভাবেই রেজিস্ট্রেশন করা যাবে?

উত্তরঃ যে কোনো একভাবে রেজিস্ট্রেশন করতে হবে। এক জায়গায় রেজিস্ট্রেশন করলে অন্যটিতে রেজিস্ট্রেশন করতে পারবেন না। চেষ্টা করারও প্রয়োজন নেই।